

## 135514 - ইমেইল পাঠানোর মাধ্যমে বিভিন্ন প্রোডাক্টের মার্কেটিং করার নিমিত্তে অন্যদের ইমেইল আইডি সংগ্রহ করার পদ্ধতিসমূহ ও এর হুকুম

### প্রশ্ন

আমি ই-মার্কেটিং সেক্টরে চাকুরি করি। আমার দায়িত্বের মধ্যে রয়েছে: নতুন নতুন কাস্টমারদের কাছে কোম্পানির সার্ভিসগুলো পেশ করা; অর্থাৎ ইমেইলের মাধ্যমে আমাদের পণ্য ও সেবাগুলোর এডভারটাইজিং করা ও মার্কেটিং করা। এমন কিছু প্রোগ্রাম বানানো হয়েছে যে গুলোর মাধ্যমে আমি যে কোন ওয়েবসাইটকে টার্গেট করে সেটাতে রেজিস্ট্রিকৃত ইমেইলগুলো সংগ্রহ করতে পারি। এই উদ্দেশ্যে এ ধরনের প্রোগ্রামগুলো ব্যবহার করার মধ্যে কোন প্রকার সংশয় আছে কি? এ ক্ষেত্রে ওয়েবসাইট, ব্লগ ও ওয়েব ডাইরেক্টরীগুলোর মধ্যে কোন পার্থক্য আছে কি? যেহেতু ডাইরেক্টরীগুলো বিভিন্ন কোম্পানীর ওয়েবসাইটগুলো প্রদর্শন করে। কোম্পানীগুলো তাদের ইমেইলগুলো সবার জন্য পেশ করে। তাই ইমেইলগুলো সহজে কালেক্ট করার জন্য আমি কি এই প্রোগ্রামগুলো ব্যবহার করতে পারি? উল্লেখ্য, এই প্রোগ্রামগুলোর মধ্যে কিছু আছে লাইসেন্সধারী। প্রয়োজন হলে আমি সেগুলো কিনতে পারব। জাযাকুমুল্লাহু খাইরা। লম্বা প্রশ্নের জন্য দুঃখিত।

### প্রিয় উত্তর

#### এক:

ট্রেড মার্কেটিং, জেনারেল মার্কেটিং কিংবা ইলেক্ট্রনিক মার্কেটিং এ চাকুরী করা মূল বিধানের দিক থেকে জায়েয। তবে যদি এমন কোন কোম্পানী বা ওয়েবসাইটের পক্ষে মার্কেটিং হয় যাতে হারাম পণ্য ও সামগ্রী রয়েছে; যেমন গানের ক্যাসেট, বিদাত ও পাপপূর্ণ বইপুস্তক, মিউজিক্যাল ইনস্ট্রুমেন্ট, হারাম গোশত কিংবা নষ্ট ম্যাগাজিন বিক্রির ওয়েবসাইটসমূহ কিংবা এ ধরনের আমাদের শরিয়তে নিষিদ্ধ জিনিসপত্র বিক্রির ওয়েবসাইট।

এ ধরনের বেশ কিছু জিনিস, সেগুলো বিক্রির হুকুমসহ আমরা [107677](#) নং প্রশ্নোত্তরদ্বয়ে উল্লেখ করেছি; সে দু'টি দেখা যেতে পারে।

#### দুই:

পক্ষান্তরে, বিভিন্ন প্রোডাক্টের মার্কেটিং করার জন্য অন্যদের ইমেইল আইডি সংগ্রহ করার বিষয়টি ব্যাখ্যাসাপেক্ষ:

১। যে ওয়েবসাইট কিংবা ব্লগ এর সাথে সংশ্লিষ্ট ব্যক্তির ইমেইলটি সরবরাহ করছে সে ওয়েবসাইট বা ব্লগ যদি পূর্বেই অবহিত করে থাকে এবং এ ওয়েবসাইটের সাথে যুক্ত হওয়ার আগেই এ বিষয়ে স্বীকৃতি নিয়ে থাকে তাহলে ইমেইল আইডিগুলোর তালিকা মার্কেটিং কোম্পানী বা ওয়েবসাইটের কাছে বিক্রি করার অধিকার তার রয়েছে; অতএব এতে কোন আপত্তি নেই। সে সব ওয়েবসাইট ও ব্লগের সাথে আপনারা লেনদেন করতে এবং তাদের মালিকানাধীন ইমেইলগুলোর তালিকা পেতে কোন অসুবিধা নেই।

২। যদি ওয়েবসাইট কিংবা ব্লগ এর সাথে সংশ্লিষ্টদেরকে এই মর্মে অবহিত না করে যে, তারা ইমেইলগুলোর তালিকা বিক্রি করার অধিকার সংরক্ষণ করে তাহলে এই ওয়েবসাইট বা ব্লগের জন্য তার অধিকৃত ইমেইল আইডিগুলো বিক্রি করা জায়েয হবে না। যেহেতু এই ইমেইলগুলো তার কাছে আমানত। সেক্ষেত্রে এমন ওয়েবসাইট ও ব্লগগুলোর সাথে লেনদেন করা আপনাদের জন্য জায়েয হবে না।

৩। কোন ওয়েবসাইট বা ব্লগের ইমেইল আইডিগুলোর তালিকা পেতে হ্যাকিং সপ্টওয়্যারগুলো ব্যবহার করা জায়েয হবে না। কেননা এটি অন্যের ব্যক্তিগত গোপনীয়তার উপর সীমালঙ্ঘন। আবার কেউ কেউ এর চেয়ে বেশি সীমা ছাড়িয়ে ইমেইলগুলোই হ্যাকিং করে।

৪। যে ব্যক্তি কোন ওয়েবসাইটে কিংবা কোন ব্লগে নিজের ইমেইল আইডি প্রকাশ করে বৈধ প্রোডাক্টসের মার্কেটিং এর জন্য তাকে ইমেইল করা জায়েয হবে। এ ধরনের ইমেইল আইডিগুলোতে মেইল পাঠানোর নিমিত্তে সেগুলো সংগ্রহ করার জন্য নির্দিষ্ট কোন প্রোগ্রাম ব্যবহার করা জায়েয হবে।

৫। এ ধরনের ইমেইল আইডিগুলোতে ইমেইল পাঠানো সম্পন্ন হলে সেখানে এমন অপশন থাকা বাঞ্ছনীয় যাতে করে প্রাপক এই তালিকা থেকে নিজের নিবন্ধন বাতিল করে নিতে পারে এবং পুনরায় তাকে কোন ইমেইল পাঠানো না হয়। কেননা কেউ তার ইমেইল প্রকাশ করার অর্থ এ নয় যে, তিনি বিজ্ঞাপনমূলক ইমেইল পেতে আগ্রহী। যখন তিনি এ ব্যাপারে তার অনাগ্রহ প্রকাশ করবেন তখন তার অনাগ্রহকে সম্মান দেখানো অনিবার্য এবং পুনরায় তাকে ইমেইল পাঠানো জায়েয নয়।

আল্লাহই সর্বজ্ঞ।